

AKASHVANI KOLKATA

RNU: KOLKATA Bengali Text Bulletin

Date 15-10-2026

Time: 7.35 AM

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, ভাতা নির্ভর নয়, আত্মনির্ভর পশ্চিমবঙ্গ গড়ে তোলাই রাজ্য সরকারের প্রধান লক্ষ্য।
- ২) রাজ্য সরকার বিভিন্ন দপ্তরে আরও ৪৫ হাজার ১৮৫ জনকে নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে।
- ৩) উৎসবের মরসুমে, বন্ধ থাকা চা বাগানের কর্মহীন শ্রমিকদের এককালীন ৫ হাজার টাকা পুজো বোনাস এবং অতিরিক্ত চাল দেওয়ার কথা ঘোষণা রাজ্য সরকারের।
- ৪) আজ পঞ্চমী, শারদীয়া দুর্গোৎসবের সূচনা। প্যাণ্ডেলে প্যাণ্ডেলে ভিড় জমাচ্ছেন দর্শনার্থীরা।
- ৫) রাজ্য থেকে আনুষ্ঠানিকভাবে বর্ষা বিদায় নিলেও আগামী শনিবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, ভাতা নির্ভর নয়, আত্মনির্ভর পশ্চিমবঙ্গ গড়ে তোলাই রাজ্য সরকারের প্রধান লক্ষ্য। তিনি গতকাল পূর্ব মেদিনীপুরে হলদিয়া পেট্রোকেমিক্যালসের তৈরি দেশের বৃহত্তম ফেনল ও অ্যাসিটোন প্লান্টের উদ্বোধন করেন। ৬

হাজার কোটি টাকা ব্যয়ে তৈরি এই নতুন কারখানায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় দেড় হাজার মানুষের কর্ম সংস্থান হবে বলেও মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন।

বাইট

এই প্লান্টকে রাজ্যবাসীর কাছে পুজোর উপহার হিসাবে উল্লেখ কোরে মুখ্যমন্ত্রী হলদিয়ায় ৯৮ একর জমিতে ঠান্ডা পানীয় তৈরির কারখানা এবং ৫০ একর জমিতে মেডিকেল যন্ত্রাংশ ইউনিট গড়ে তোলা হবে বলেও ঘোষণা করেন।

তিনি আরও বলেন, শিল্প শহর হলদিয়ায় শ্রমিকদের জন্য একটি ট্রমা সেন্টার তৈরি করা হবে। এজন্য হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষ দেবে ১৮ কোটি টাকা ও কেন্দ্র দেবে ৫ কোটি টাকা। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন ইতোমধ্যেই ৫ কোটি টাকা দিয়েছে। ২০২৭-এর জুন মাসে ২৮ কোটি ব্যয়ে অত্যাধুনিক এই ট্রমা সেন্টারটির উদ্বোধন করা হবে।

রাজ্য সরকার বিভিন্ন দপ্তরে আরও ৪৫ হাজার ১৮৫ জনকে নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে। অর্থ দপ্তরের অনুমোদন মেলায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে নবান্নে গতকাল রাজ্য মন্ত্রিসভার বিশেষ বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়।

বৈঠকের পর মুখ্যমন্ত্রী জানান, এরমধ্যে বিদ্যালয় শিক্ষা দপ্তরে সবথেকে বেশি ৩৩ হাজার ১৯৯ জনকে নিয়োগ করা হবে। এছাড়াও পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরে ৭ হাজার ১১৯, কলকাতা পুলিশে ৯৯৬ এবং কারিগরী শিক্ষা বিভাগে ১ হাজার ৮৮৬ জনকে নিয়োগ করা হবে।

উৎসবের মরসুমে রাজ্য সরকার, বন্ধ থাকা চা বাগানের কর্মহীন শ্রমিকদের এককালীন ৫ হাজার টাকা পুজো বোনাস এবং অতিরিক্ত চাল দেওয়ার কথা ঘোষণা করেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে নবান্নে গতকাল রাজ্য মন্ত্রিসভার বিশেষ বৈঠকে এই প্রস্তাব অনুমোদিত হয়।

মুখ্যমন্ত্রী বলেন, ২০২৩ সালের পয়লা জানুয়ারি থেকে বন্ধ থাকা একুশটি বাগানের ৬০ বছরের কম বয়সী ১৯ হাজার ৫২৪ জন শ্রমিক এই বোনাস পাবেন। তাদের পরিবারপিছু অতিরিক্ত ৫০ কেজি করে চালও দেওয়া হবে।

এদিকে, কেন্দ্রীয় মন্ত্রিসভা, ১১ লক্ষ ৪০ হাজার রেল কর্মীকে ৭৮ দিনের উৎপাদন ভিত্তিক বোনাস দেওয়ার বিষয়টি অনুমোদন করেছে। এই বোনাস প্রদানের জন্যে ২ হাজার ৯ কোটি টাকাও অনুমোদন করেছে মন্ত্রিসভা। এর ফলে রেল কর্মীরা সরবচ্ছ ১৭ হাজার ৯৫১ টাকা পেতে পারেন।

রাজ্য পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল সম্প্রতি চিংড়িঘাটা ফ্লাইওভারে রঙিন রাস্তায় বাইক দুর্ঘটনার প্রেক্ষিতে প্রশাসনের পক্ষ থেকে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন। গতকাল পশ্চিম বর্ধমানের আসানসোলে তিনি বলেন, 'অ্যান্টি-স্কিড কালার' ব্যবহার করা হলেও দুর্ঘটনাটির পেছনে অন্য কোনো প্রযুক্তিগত কারণ রয়েছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। ইতোমধ্যেই কেএমডিএ-র ইঞ্জিনিয়ার, সিইও, কলকাতা পুলিশ কমিশনার, ডিজিপি পুলিশ এবং পিডব্লিউডি-র টিম কাজ করছে। বাইকচালকদের আলোজনিত সমস্যা বা অন্য কোনো অসুবিধা দেখা দিলে প্রয়োজনে তা দ্রুত পরিবর্তন করা হবে বলে মন্ত্রী আশ্বাস দেন।

জনসেবা থেকে দেশ সেবার ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানিয়ে পশ্চিমবঙ্গ সরকার একটি ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব গ্রহন করেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে নবান্নে রাজ্য মন্ত্রিসভার বিশেষ বৈঠকে গতকাল এই প্রস্তাব গৃহীত হয়।

জনসেবা থেকে দেশ সেবা এই মন্ত্রকে সামনে রেখে ২৫ বছরের দীর্ঘ রাজনৈতিক জীবনে মানুষের সেবায় নিরলস ভাবে কাজ করে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই ধারাবাহিকতায় শুরু হয়েছে বিশেষ সিরিজ সেবা সংকল্প অভিযান। আজকের বিষয় প্রধানমন্ত্রী কিশাণ সম্মান নিধি বা পিএম কিশাণ। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট কাশফিন

সেবা সংকল্প অভিযান কর্মসূচির অধীনে এবারের আলোচনার বিষয় প্রতিরক্ষা ক্ষেত্রে ভারতের অগ্রগতি। বায়ুসেনার প্রাক্তন আধিকারিক শ্যামল ভট্টাচার্য এর সঙ্গে দুই পর্বে কথা বলেছেন কাশফিন নাহার।

আজ প্রথম পর্ব শুনবেন রাত আটটায় গীতাঞ্জলি ডিটিএইচ বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

আজ পঞ্চমী, শারদীয়া দুর্গোৎসবের সূচনা। সারা দিন পঞ্চমী তিথি থাকলেও সকাল ৯ টা ২৮ মিনিটের মধ্যে শ্রী শ্রী শারদীয়া দুর্গাদেবীর শুক্লাপঞ্চমীবিহিত পূজা প্রশস্তা। মণ্ডপে মণ্ডপে এখন চলছে তারই প্রস্তুতি। বেশিরভাগ মন্ডপেই প্রতিমা এসে

গেছে। সাজসজ্জাও প্রায় সম্পূর্ণ। রংবেরঙ এবং বিভিন্ন থিমের মন্ডপসজ্জা, চোখ ধাঁধানো আলোর সাজ এবং ঢাকের শব্দে উৎসব মুখর গোটা রাজ্য। বড় বড় পুজো মন্ডপগুলিতে উদ্বোধনের পর্ব সারা। ইতোমধ্যেই প্যাভেলে প্যাভেলে ভিড় জমাচ্ছেন দর্শনার্থীরা। প্রস্তুত প্রশাসনও। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট অভিরূপ ভট্টাচার্য্য

রাজ্যের অনেক জায়গায় নবরাত্রি উৎসবও পালিত হচ্ছে। নব রাত্রির পঞ্চমীতে দেবী দুর্গা স্কন্দমাতা রূপে পূজিতা হন।

এদিকে, রাজ্য সরকার আরও আটশোটি নতুন দুর্গাপুজোর অনুমতি দিয়েছে। এর ফলে চলতি বছরে রাজ্যে নতুন পুজোর সংখ্যা বেড়ে দাঁড়ালো ১৩ হাজার ২০০। সংশ্লিষ্ট পুজো কমিটিগুলিকে সরকারি সহায়তা বাবদ ইতোমধ্যেই এক লক্ষ টাকা কোরে অনুদান দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

তিনি আজ মুর্শিদাবাদের লালবাগ সহ একাধিক জায়গায় পুজোর উদ্বোধন করবেন। পরে তার পূর্ব মেদিনীপুরেও যাওয়ার কথা।

সংশ্লিষ্ট অ্যাপ ডাউনলোড না করে এবং পুজোর সময়ে ভিড় এড়াতে যাত্রীদের দ্রুত টিকিট ক্রয় করার বিকল্প ব্যবস্থা হিসেবে মেট্রো রেলের তরফে দুটি যাত্রীবান্ধব উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পার্ক স্ট্রিট মেট্রো স্টেশনে গতকাল এর উদ্বোধন করেন কলকাতা মেট্রো রেলের জেনারেল ম্যানেজার প্রেম সাগর গুপ্ত। যাত্রীরা সংশ্লিষ্ট অ্যাপ ডাউনলোড না করেই মেট্রো স্টেশনগুলিতে থাকা QR ইমেজ স্টিকার স্ক্যান করে সহজেই টিকিট

কিনতে পারবেন। প্রাথমিক ভাবে এই সুবিধা কেয়কটি স্টেশনে পাওয়া গেলও খুব শীঘ্রই সব করিডোরের স্টেশনগুলিতে তা পাওয়া যাবে।

দুর্গাপুজোয় দর্শনার্থীদের যাতায়াতের সুবিধার্থে পূর্ব রেলের হাওড়া ডিভিশন, আগামী ১৭ অক্টোবর থেকে ২১ অক্টোবর পর্যন্ত গভীর রাতেও স্পেশাল EMU ট্রেন চালাবে। হাওড়া - বর্ধমান ভায়া মেন ও chord, হাওড়া - ব্যান্ডেল, শেওরাফুলি - তারকেশ্বর, ব্যান্ডেল - নৈহাটি, হাওড়া - চন্দনপুর , ব্যান্ডেল - মেমারি প্রভৃতি সেকশন সহ মোট ১২ টি অতিরিক্ত পরিষেবা দেওয়া হবে।

রাজ্য থেকে আনুষ্ঠানিকভাবে বর্ষা বিদায় নিলেও উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত একটি নিম্নচাপ অক্ষরেখার কারণে উপকূলবর্তী এলাকাগুলিতে আগামী শনিবার ১৭ তারিখ পর্যন্ত বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। দপ্তরের প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন, দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, হাওড়া, দুই মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায় আগামীকাল দু এক পশলা বৃষ্টির সম্ভাবনা।
